তারিখ 05 NOV 2017
৪ কলাম ৭

সংবাদ

# শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের ৮ দফা নির্দেশনা মাউশির

নিজস্ব বার্তা পরিবেশক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে দেশপ্রেম, নৈতিক মূল্যবোধ অর্জন ও শিক্ষার গুণগত মান বাড়াতে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের ৮ দফা নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। দেশের সব সরকারি-বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে এ বিষয়টি বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। মাউশির পরিদর্শন টিম শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনের সময় এ নির্দেশনাগুলো মনিটরিং করবেন।

এ ব্যাপারে মাউশির মহাপরিচালক প্রফেসর এসএম ওয়াহিদুজ্জামান বলেন, 'সব শিক্ষার্থীকে দেশপ্রেমিক, নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে তৈরি করতে হবে। কারণ এরাই আধুনিক বাংলাদেশ ভবিষ্যত বিনির্মাণের হাতিয়ার। এসব গুণাবলী রাতারাতি অর্জন করা সম্ভব নয়। সাধনা ও অধ্যবসায়ের মধ্যে দিয়ে ধীরে ধীরে তা অর্জিত হয়। তাই শৈশব থেকেই যদি এসব গুণাবলী চর্চা করা যায় তাহলে ছেলেমেয়েরা তা বাস্তবজীবনে প্রয়োগ করতে পারবে।'

শিক্ষার মানোন্নয়নসহ শিক্ষার্থীদের নৈতিকতা শেখাতে প্রতিষ্ঠান প্রধানদের প্রতি বেশ কিছু নির্দেশনা দেয়া হয়েছে উল্লেখ করে তিনি বলেন, 'এ বিষয়ে তারা প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। এগুলো নিয়মিত মনিটরিংও করা হবে।'

মাউশির সহকারী পরিচালক জানান, ৮ দফা নির্দেশনার মধ্যে রয়েছে, বছরের শুরুতে শিক্ষার্থীদের কাছে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গল্প শুনানো, প্রত্যেক প্রতিষ্ঠানের লাইব্রেরিতে শিক্ষার্থীদের নাগালের মধ্যে ওপেন শেলফে 'বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ দলিলপত্র (১৫ খণ্ড)' সেটটি পড়ার জন্য উন্মুক্ত রাখতে হবে।